বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র অক্টোবর ২০২৬ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৬।

(Saudi CP অক্টোবর ২০২৬ এর ভিত্তিতে)

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৬

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ।

সূচীপত্র

অনুচ্ছেদ	বিষয়াবলী	পৃষ্ঠা
১	Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি	১
২	Saudi CP অক্টোবর ২০২৬ এর ভিত্তিতে অক্টোবর ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ	২-৩
পরিশিষ্ট-'ক'	বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, অক্টোবর ২০২৬	৪-৫
পরিশিষ্ট-'খ'	বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, অক্টোবর ২০২৬ ।	৬-৭
পরিশিষ্ট-'গ'	রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য, অক্টোবর ২০২৬ ।	৮-৯
পরিশিষ্ট-'ঘ'	ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, অক্টোবর ২০২৬।	১০-১১

———————— × ————————

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র অক্টোবর ২০২৬ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৬।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৬

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় করে ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ এবং সৌদি আরামকো কর্তৃক ঘোষিত অক্টোবর ২০২৬ মাসের Saudi Contract Price (Saudi CP) অনুযায়ী বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য অক্টোবর ২০২৬ মাসের জন্য সমন্বয়ের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অদ্য ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ প্রদান করা হলো:-

১.০ Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি:

১.১ কমিশন কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটি সৌদি আরামকো কর্তৃক অক্টোবর ২০২৬ মাসের জন্য ঘোষিত Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে অক্টোবর ২০২৬ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে সুপারিশ সংবলিত একটি প্রতিবেদন ০৪ অক্টোবর ২০২৬ তারিখে কমিশনে দাখিল করে। কমিটি'র প্রতিবেদন অনুযায়ী অক্টোবর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬৮০.০০ মার্কিন ডলার ও ৭৩০.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭১২.৫০ মার্কিন ডলার। কমিটি উক্ত Saudi CP, জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ১৬০.০০ মার্কিন ডলার, ডিজেলের মূল্য বৃদ্ধি, অন্যান্য চার্জ এবং অক্টোবর ২০২৬ মাসে বিবেচিত এলপিজি আমদানিতে এলসি সেটেলমেন্টে প্রতি মার্কিন ডলারের গড় মূল্য ১২৩.১৮ টাকা বিবেচনা করে অক্টোবর ২০২৬ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের মূল্য নিম্নোক্তভাবে সমন্বয় করার সুপারিশ করে:

(ক) বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত Saudi CP প্রতি কেজি ৮৭.৭৭ টাকা।

(খ) বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১৪১.০৮ টাকা।

(গ) রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১৩৭.৩৩ টাকা বা রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.৩০৫২ টাকা বা প্রতি ঘনমিটার ৩০৫.২০ টাকা।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৭৭.৯৭ টাকা।

১.২ কমিটির বেসরকারি এলপিজি'র প্রতিনিধিগণ আন্তর্জাতিক যুদ্ধ পরিস্থিতি, শিপিং রুট সংকট, স্পট মার্কেটে লজিস্টিক্স ব্যয়ের চিত্র, সাপ্লাই চেইন ও সরবরাহ স্বাভাবিক রাখাসহ বিভিন্ন বিষয় উল্লেখপূর্বক দেশের বাজারে এলপিজি'র নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে এবং বাজার স্থিতিশীল রাখার স্বার্থে অক্টোবর ২০২৬ মাসের জন্য জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি

মেট্রিক টন ৩০০.০০ মার্কিন ডলার বিবেচনা করার অনুরোধসহ কমিটির প্রতিবেদনে স্বাক্ষর করেন।

১.৩ কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনটির ওপর বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ অনুযায়ী ০৪ অক্টোবর ২০২৬ তারিখ দুপুর ১২:৩০ টায় কমিশন কার্যালয়ে কমিটি'র শুনানি অনুষ্ঠিত হয়। উক্ত শুনানিতে কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন উপস্থাপন, বক্তব্য শ্রবণ এবং প্রাপ্ত দলিলাদি পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়। শুনানিতে কমিটির বেসরকারি লাইসেন্সি প্রতিনিধি অনুচ্ছেদ ১.২ এ উল্লিখিত অনুরোধ পুনর্ব্যাক্ত করেন। শুনানি শেষে অনুষ্ঠিত ৪০/২০২৬ তম বিশেষ কমিশন সভায় বিস্তারিত আলোচনান্তে মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতিতে বিকল্প পথে এলপিজি আমদানিতে সময় ও জ্বালানি খরচ বৃদ্ধি, এ বিষয়ে বেসরকারি এলপিজি লাইসেন্সীগণ কর্তৃক দাখিলকৃত তথ্য ও দলিলাদি, Platts এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত এলপিজি'র জাহাজভাড়া সংক্রান্ত তথ্য, STS ব্যয়, লাইটারেজ ব্যয় ও ট্রেডারের প্রিমিয়াম বিবেচনায় এলপিজি আমদানির জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার বিবেচনায় বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে একমত পোষণ করা হয়।

২.০ Saudi CP অক্টোবর ২০২৬ এর ভিত্তিতে অক্টোবর ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ:

সার্বিক বিষয় পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক কমিশনের আদেশ হচ্ছে যে:-

২.১ অক্টোবর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬৮০.০০ মার্কিন ডলার ও ৭৩০.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭১২.৫০ মার্কিন ডলার, জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং মার্কিন ডলারের গড় মূল্য ১২৩.১৮ টাকা বিবেচনায় অক্টোবর ২০২৬ মাসের জন্য সমন্বয়কৃত মূল্য-

(ক) বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত Saudi CP প্রতি কেজি ৮৭.৭৭ টাকা।

(খ) বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১৫৩.০৬ টাকা।

(গ) রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১৪৯.৩১ টাকা বা রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.৩৩১৯ টাকা বা প্রতি ঘনমিটার ৩৩১.৯০ টাকা।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৮৪.৬২ টাকা।

(ঙ) বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ক'**, বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'খ'**, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'গ'** এবং অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ঘ'** এ সংযুক্ত করা হলো।

২.২ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬ অনুযায়ী সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার প্রতি ১২.৫০ কেজি ৭৭৬.৯৩ টাকা অপরিবর্তিত রাখা হলো।

২.৩ কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

২.৪ প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

২.৫ এ আদেশ ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

২.৬ ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৬

পরিশিষ্ট-'ক'

বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, অক্টোবর-২০২৬
(অক্টোবর-২০২৬ এর Saudi CP'র ভিত্তিতে)

ক্রমিক নং		বিবরণ	সমন্বয়কৃত মূল্য (টাকা/কেজি)
ক	১	Saudi Contract Price[১] (Saudi CP)	৮৭.৭৭
	২	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২]	৩০.৮০
	৩	**আমদানি মূল্য, মুসকপূর্ব (১+২)**	**১১৮.৫৭**
	৪	মূসক[৩]	৮.৮৯
	৫	**আমদানি মূল্য, মুসকউত্তর (৩+৪)**	**১২৭.৪৬**
	৬	অন্যান্য চার্জ[৪]	০.৯৪
	৭	**ইমপোর্ট প্যারিটি প্রাইস (৫+৬)**	**১২৮.৪০**
খ		এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৫]	১৬.৭৪
গ		**এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মুসক-উত্তর (ক+খ)**	**১৪৫.১৪**
ঘ		ডিস্ট্রিবিউটরের চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ)[৬]	৪.১৭
ঙ		রিটেইলার চার্জ[৬]	৩.৭৫
চ		**রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য [গ+ঘ+ঙ]**	**১৫৩.০৬**

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি উপরের ছকের ক্রমিক-গ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

৭/১০/২৬
ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

৭/১০/২০২৬
সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

৭/১০/২৬
মোঃ মিজানুর রহমান
সদস্য

৭/১০/২০২৬
মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান

[১]অক্টোবর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬৮০.০০ মার্কিন ডলার এবং ৭৩০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭১২.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[২]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩] এলপিজি আমদানি মূল্যের ওপর ৭.৫% হারে।

[৪]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা হিসেবে ৫৮০.০০ টাকা বিবেচনায়।

[৫]১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ থেকে ডিজেলের পুনর্নির্ধারিত মূল্য প্রতি লিটার ১৩৫.০০ টাকা বিবেচনায়, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৬

পরিশিষ্ট-'খ'

বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, অক্টোবর ২০২৬

(অক্টোবর-২০২৬ এর Saudi CP'র ভিত্তিতে)

ক্রমিক নং	বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ (কেজি)	Saudi CP [১]	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ [২]	আমদানি মূল্য, মূসকপূর্ব	মূসক [৩]	আমদানি মূল্য, মূসকউত্তর	অন্যান্য চার্জ [৪]	ইমপোর্ট প্যারিটি প্রাইস	মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ [৫]	এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর	ডিস্ট্রিবিউটর চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহন ব্যয়সহ) [৬]	রিটেইলার চার্জ [৬]	রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য [৭]
১	২	৩	৪	৫=৩+৪	৬	৭=৫+৬	৮	৯=৭+৮	১০	১১=৯+১০	১২	১৩	১৪=(১১+১২+১৩)
১	৫.৫	৪৮২.৪৬৫	১৬৯.৪০০	৬৫১.৮৬৫	৪৮.৮৯৫	৭০০.৭৬০	৫.১৭০	**৭০৫.৯৩০**	৯২.০৭০	৭৯৮.০০০	২৩.০০০	২১.০০০	**৮৪২.০০০**
২	১২	১,০৫৩.৫৬০	৩৬৯.৬০০	১,৪২৩.১৬০	১০৬.৬৮০	১,৫২৯.৮৪০	১১.২৮০	**১,৫৪১.১২০**	২০০.৮৮০	১,৭৪২.০০০	৫০.০০০	৪৫.০০০	**১,৮৩৭.০০০**
৩	১২.৫	১,০৯৬.৮৭৫	৩৮৫.০০০	১,৪৮১.৮৭৫	১১১.১২৫	১,৫৯৩.০০০	১১.৭৫০	**১,৬০৪.৭৫০**	২০৯.২৫০	১,৮১৪.০০০	৫২.০০০	৪৭.০০০	**১,৯১৩.০০০**
৪	১৫	১,৩১৬.৪৫০	৪৬২.০০০	১,৭৭৮.৪৫০	১৩৩.৩৫০	১,৯১১.৮০০	১৪.১০০	**১,৯২৫.৯০০**	২৫১.১০০	২,১৭৭.০০০	৬৩.০০০	৫৬.০০০	**২,২৯৬.০০০**
৫	১৬	১,৪০৪.০৮০	৪৯২.৮০০	১,৮৯৬.৮৮০	১৪২.২৪০	২,০৩৯.১২০	১৫.০৪০	**২,০৫৪.১৬০**	২৬৭.৮৪০	২,৩২২.০০০	৬৭.০০০	৬০.০০০	**২,৪৪৯.০০০**
৬	১৮	১,৫৭৯.৩৪০	৫৫৪.৪০০	২,১৩৩.৭৪০	১৬০.০২০	২,২৯৩.৭৬০	১৬.৯২০	**২,৩১০.৬৮০**	৩০১.৩২০	২,৬১২.০০০	৭৫.০০০	৬৮.০০০	**২,৭৫৫.০০০**
৭	২০	১,৭৫৫.৬০০	৬১৬.০০০	২,৩৭১.৬০০	১৭৭.৮০০	২,৫৪৯.৪০০	১৮.৮০০	**২,৫৬৮.২০০**	৩৩৪.৮০০	২,৯০৩.০০০	৮৩.০০০	৭৫.০০০	**৩,০৬১.০০০**
৮	২২	১,৯২৯.৮৬০	৬৭৭.৬০০	২,৬০৭.৪৬০	১৯৫.৫৮০	২,৮০৩.০৪০	২০.৬৮০	**২,৮২৩.৭২০**	৩৬৮.২৮০	৩,১৯২.০০০	৯২.০০০	৮৩.০০০	**৩,৩৬৭.০০০**
৯	২৫	২,১৯৪.৭৫০	৭৭০.০০০	২,৯৬৪.৭৫০	২২২.২৫০	৩,১৮৭.০০০	২৩.৫০০	**৩,২১০.৫০০**	৪১৮.৫০০	৩,৬২৯.০০০	১০৪.০০০	৯৪.০০০	**৩,৮২৭.০০০**
১০	৩০	২,৬৩২.৯০০	৯২৪.০০০	৩,৫৫৬.৯০০	২৬৬.৭০০	৩,৮২৩.৬০০	২৮.২০০	**৩,৮৫১.৮০০**	৫০২.২০০	৪,৩৫৪.০০০	১২৫.০০০	১১৩.০০০	**৪,৫৯২.০০০**
১১	৩৩	২,৮৯৫.৭৯০	১,০১৬.৪০০	৩,৯১২.১৯০	২৯৩.৩৭০	৪,২০৫.৫৬০	৩১.০২০	**৪,২৩৬.৫৮০**	৫৫২.৪২০	৪,৭৮৯.০০০	১৩৮.০০০	১২৪.০০০	**৫,০৫১.০০০**
১২	৩৫	৩,০৭২.০৫০	১,০৭৮.০০০	৪,১৫০.০৫০	৩১১.১৫০	৪,৪৬১.২০০	৩২.৯০০	**৪,৪৯৪.১০০**	৫৮৫.৯০০	৫,০৮০.০০০	১৪৬.০০০	১৩১.০০০	**৫,৩৫৭.০০০**
১৩	৪৫	৩,৯৪৯.৩৫০	১,৩৮৬.০০০	৫,৩৩৫.৩৫০	৪০০.৫০০	৫,৭৩৫.৪০০	৪২.৩০০	**৫,৭৭৭.৭০০**	৭৫৩.৩০০	৬,৫৩১.০০০	১৮৮.০০০	১৬৯.০০০	**৬,৮৮৮.০০০**

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি উপরের ছকের কলাম-১১ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

৪/১০/২৬
ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

৪/১০/2026
সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

৪/১০/২০২৬
মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান

[১] অক্টোবর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬৮০.০০ মার্কিন ডলার এবং ৭৩০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭১২.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[২] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩] এলপিজি আমদানি মূল্যের ওপর ৭.৫% হারে।

[৪]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা হিসেবে ৫১৮.০০ টাকা বিবেচনায়।

[৫] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ থেকে ডিজেল এর পুনর্নির্ধারিত মূল্য প্রতি লিটার ১৩৫.০০ টাকা বিবেচনায়, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/০২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

[৭]অত্র আদেশের পরিশিষ্ট-'ক' মোতাবেক বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১৫৩.০৬ টাকা অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৬

পরিশিষ্ট-'গ'

রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, অক্টোবর ২০২৬

(অক্টোবর-২০২৬ এর Saudi CP'র ভিত্তিতে)

ক্রমিক নং		বিবরণ	সমন্বয়কৃত মূল্য (টাকা/কেজি)	টাকা/লিটার[১] (গ্যাসীয় অবস্থায়)	টাকা/ঘনমিটার[১] (গ্যাসীয় অবস্থায়)
ক	১	Saudi Contract Price[২] (Saudi CP)	৮৭.৭৭	০.১৯৫০	১৯৫.০০
	২	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩]	৩০.৮০	০.০৬৮৪	৬৮.৪০
	৩	**আমদানি মূল্য, মূসকপূর্ব (১+২)**	**১১৮.৫৭**	**০.২৬৩৫**	**২৬৩.৫০**
	৪	মূসক[৪]	৮.৮৯	০.০১৯৮	১৯.৮০
	৫	**আমদানি মূল্য, মূসকউত্তর (৩+৪)**	**১২৭.৪৬**	**০.২৮৩৩**	**২৮৩.৩০**
	৬	অন্যান্য চার্জ[৫]	০.৯৪	০.০০২১	২.১০
	৭	**ইমপোর্ট প্যারিটি প্রাইস (৫+৬)**	**১২৮.৪০**	**০.২৮৫৪**	**২৮৫.৪০**
খ		এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৬]	১৬.৭৪	০.০৩৭২	৩৭.২০
গ		**এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-উত্তর (ক+খ)**	**১৪৫.১৪**	**০.৩২২৬**	**৩২২.৬০**
ঘ		ডিস্ট্রিবিউটরের চার্জ (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ)[৭]	৪.১৭	০.০০৯৩	৯.৩০
ঙ		**রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য (গ+ঘ)**	**১৪৯.৩১**	**০.৩৩১৯**	**৩৩১.৯০**

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি উপরের ছকের ক্রমিক নং-গ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

৪/১০/২৬
ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

৪/১০/২০২৬
সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

৪/১০/২৬
মোঃ মিজানুর রহমান
সদস্য

৪/১০/২৬
মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

৪/১০/২০২৬
জালাল আহমেদ
চেয়ারম্যান

[১] প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি=১.৮০০২ লিটার এলপিজি, ১ লিটার এলপিজি = ২৫০ লিটার গ্যাস হিসেবে ১ কেজি এলপিজি = ৪৫০.০৫ লিটার গ্যাস এবং ১ ঘনমিটার গ্যাস=১০০০ লিটার গ্যাস বিবেচনায় [০.৪৫ ঘনমিটার গ্যাস = ১ কেজি এলপিজি বা ১ ঘনমিটার গ্যাস = ২.২২ কেজি এলপিজি]।

[২] অক্টোবর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬৮০.০০ মার্কিন ডলার এবং ৭৩০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫

বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭১২.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[৩] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪] এলপিজি আমদানি মূল্যের ওপর ৭.৫% হারে।

[৫] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা হিসেবে ৫৮০.০০ টাকা বিবেচনায়।

[৬] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ থেকে ডিজেল এর পুনর্নির্ধারিত মূল্য প্রতি লিটার ১৩৫ টাকা বিবেচনায়, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৭] ১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৬

পরিশিষ্ট-'ঘ'

ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, অক্টোবর ২০২৬
(অক্টোবর-২০২৬ এর Saudi CP'র ভিত্তিতে)

ক্রমিক নং		বিবরণ	সমন্বয়কৃত মূল্য (টাকা/লিটার[১])
ক	১	Saudi Contract Price (Saudi CP)[২]	৪৮.৭৬
	২	জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩]	১৭.১১
	৩	**আমদানি মূল্য, মূসকপূর্ব (১+২)**	**৬৫.৮৭**
	৪	মূসক[৪]	৪.৯৪
	৫	**আমদানি মূল্য, মূসকউত্তর (৩+৪)**	**৭০.৮১**
	৬	অন্যান্য চার্জ [৫]	০.৫২
	৭	**ইমপোর্ট প্যারিটি প্রাইস (৫+৬)**	**৭১.৩৩**
খ	এলপিজি মজুতকরণ চার্জ [৬]		৩.৩৪
গ	**এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (ক+খ)**		**৭৪.৬৭**
ঘ	পরিবহণ চার্জ [৭]		১.৯৫
ঙ	স্টেশন চার্জ [৬]		৮.০০
চ	**ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (গ+ঘ+ঙ)**		**৮৪.৬২**

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ, অটোগ্যাস স্টেশনের নিকট এবং ভোক্তাপর্যায়ে অটোগ্যাস স্টেশনে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

৭/১০/২৬
ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

৭/১০/২০২৬
সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

৭/১০/২৬
মোঃ মিজানুর রহমান
সদস্য

৭/১০/২০২৬
মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

৭/১০/২০২৬
জালাল আহমেদ
চেয়ারম্যান

---

[১] প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি।

[২] অক্টোবর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬৮০.০০ মার্কিন ডলার এবং ৭৩০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭১২.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[৩] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ২৫০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪] এলপিজি আমদানি মূল্যের ওপর ৭.৫% হারে।

[৫] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মুসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২৩.১৮ টাকা হিসেবে ৫৮০.০০ টাকা বিবেচনায়।

[৬] ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ অনুযায়ী।

[৭] সরকার কর্তৃক ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ থেকে ডিজেলের পুনর্নির্ধারিত মূল্য প্রতি লিটার ১৩৫.০০ টাকা অপরিবর্তিত বিবেচনায়।